হরমুজ সংকট এড়াতে সৌদি থেকে বিকল্প পথে তেল আনছে বাংলাদেশ



তেলবাহী জাহাজ। ছবি : সংগৃহীত

হরমুজ প্রণালিকে ঘিরে সাম্প্রতিক উত্তেজনার প্রেক্ষাপটে জ্বালানি সরবরাহে চাপ তৈরি হওয়ায় বাংলাদেশ বিকল্প পথে তেল আমদানির উদ্যোগ নিয়েছে। এ অবস্থায় সৌদি আরব থেকে ১ লাখ মেট্রিক টন অপরিশোধিত তেল নতুন রুটে আনা হচ্ছে।

জানা গেছে, লোহিত সাগর উপকূলের ইয়ানবু কমার্শিয়াল পোর্ট থেকে তেলটি সরাসরি চট্টগ্রামের ইস্টার্ন রিফাইনারিতে পৌঁছাবে। আগামী ২০ এপ্রিল জাহাজে তেল লোড করার পরিকল্পনা রয়েছে।

অন্যদিকে, ‘এমটি নরডিক পলুকস’ নামের একটি জাহাজে থাকা আরও ১ লাখ টন তেল হরমুজ প্রণালিতে জটিলতার কারণে আটকে আছে। জাহাজটি বর্তমানে সৌদি আরবের রাস তানুরা বন্দরে অবস্থান করলেও প্রয়োজনীয় অনুমতি না পাওয়ায় বাংলাদেশে আসতে পারেনি।

বাংলাদেশ শিপিং করপোরেশনের তথ্য অনুযায়ী, পরিস্থিতি স্বাভাবিক হলে মে মাসের প্রথম সপ্তাহের মধ্যে দুই জাহাজ মিলিয়ে মোট ২ লাখ টন তেল চট্টগ্রামে পৌঁছাতে পারে। এসব তেল পরিশোধনের পর বাজারে সরবরাহ করা হলে জ্বালানি সংকট কিছুটা কমবে বলে আশা করা হচ্ছে।

ইস্টার্ন রিফাইনারি সূত্র বলছে, এই পরিমাণ ক্রুড অয়েল থেকে ডিজেল, পেট্রোল, অকটেন, কেরোসিনসহ বিভিন্ন জ্বালানি উৎপাদন সম্ভব হবে।

বিএসসির ব্যবস্থাপনা পরিচালক কমোডর মাহমুদুল মালেক জানিয়েছেন, আটকে থাকা জাহাজটি আনার জন্য কূটনৈতিকভাবে চেষ্টা চলছে। একই সঙ্গে ভবিষ্যতে এমন ঝুঁকি এড়াতে বিকল্প সরবরাহ পথ ব্যবহারে গুরুত্ব দেওয়া হচ্ছে।

সূত্র: বাসস